



## গরীব মেধাবী ছাত্র-ছাত্রীদের বৃত্তি প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি :

বাগেরহাট জেলা পরিষদ কর্তৃক ২০২০-২১ অর্থবছরের রাজস্ব বাজেট বরাদ্দের আওতায় গরীব মেধাবী ছাত্র-ছাত্রীদের মাঝে এককালীন বৃত্তি প্রদানের লক্ষ্যে চলতি ২০২০ সালে অনুষ্ঠিত এস.এস.সি/সমমান এবং এইচ.এস.সি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ বাগেরহাট জেলার স্থায়ী বাসিন্দা, গরীব অথচ মেধাবী ছাত্র-ছাত্রীদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে জেলা পরিষদের নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

### শর্তাবলীঃ-

- ১। আবেদনকারী ছাত্র-ছাত্রীদের ২০২০ সালে অনুষ্ঠিত এস. এস.সি/সমমান এবং এইচ.এস.সি/সমমান পরীক্ষায় জিপিএ-৫.০০ থাকতে হবে।
- ২। মুক্তিযোদ্ধা পোষা এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সকল বিভাগে জিপিএ ৪.৭৫ থাকতে হবে। মুক্তিযোদ্ধা পোষ্যদের ক্ষেত্রে কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল/মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত সনদপত্র এবং মুক্তিযোদ্ধার সহিত সম্পর্কের বিষয়ে ইউঃ পিঃ চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদপত্র সংযুক্ত করতে হবে এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে সমাজসেবা বিভাগ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ৩। আবেদনকারীকে অবশ্যই বাগেরহাট জেলার স্থায়ী বাসিন্দা এবং সরকার অনুমোদিত যে কোন শিক্ষা প্রতিষ্ঠানের নিয়মিত/অধ্যয়নরত শিক্ষার্থী হতে হবে।
- ৪। আবেদনের সাথে এস. এস.সি/সমমান এবং এইচ.এস.সি/সমমান পরীক্ষার নম্বর ফর্দের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে) সংযুক্ত করতে হবে।
- ৫। আবেদনপত্রে সম্প্রতি অধ্যয়নরত/সমাপ্ত (প্রযোজ্য ক্ষেত্রে) শিক্ষা প্রতিষ্ঠান/বিভাগীয় প্রধানের সুপারিশ/মতামত থাকতে হবে।
- ৬। আবেদনপত্রের সাথে আবেদনকারীর সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।
- ৭। আবেদনকারী বাগেরহাট জেলার স্থায়ী বাসিন্দা এবং আর্থিক অসচ্ছলতা সম্পর্কে সংশ্লিষ্ট ইউঃপি চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদপত্র আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ৮। আবেদনকারীকে স্বহস্তে ফরম পূরণ পূর্বক পূর্ণ নাম সহ স্বাক্ষর করতে হবে।
- ৯। আবেদনের জন্য নির্ধারিত ফরম বাগেরহাট জেলা পরিষদ অফিস/জেলা পরিষদ এর ওয়েবসাইট [www.zpbagerhat.gov.bd](http://www.zpbagerhat.gov.bd) এবং সকল উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় হতে বিনামূল্যে সংগ্রহ করা যাবে (ফটোকপি গ্রহণযোগ্য)।
- ১০। নির্ধারিত ফরমে আবেদনপত্র আগামী ২৫/০২/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে (অফিস চলাকালীন সময় পর্যন্ত) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে পৌঁছাতে হবে।
- ১১। অসম্পূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ১২। কর্তৃপক্ষ স্ববিবেচক/বিশেষ ক্ষেত্রে জি.পি.এ পাশের হার শিথিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১৩। প্রয়োজনে এ বিষয়ে বিস্তারিত তথ্যাদি বাগেরহাট জেলা পরিষদ কার্যালয় এবং প্রশাসনিক কর্মকর্তা জনাব একেএম জাকির মোবাইল নং (০১৭১৮-২৪৯২৫৩) এবং সংশ্লিষ্ট সহকারী জনাব পলাশ কুমার পাল (মোবাইল নং ০১৭২৪-৪৬৭৬৫০) এর নিকট হতে জানা যাবে।

*Handwritten signature*

রুমুর বালা

প্রধান নির্বাহী কর্মকর্তা(ভারপ্রাপ্ত)

জেলা পরিষদ, বাগেরহাট

ফোন নং-০৪৬৮-৬২১১১

Email: [zpbagerhat007@gmail.com](mailto:zpbagerhat007@gmail.com)

*Handwritten signature*  
০১/০২/২০২১

স্মারক নং- ৪৬.৪২.০১০০.০০১.৩৪.০৩.২০-১৭(১৯)

তারিখঃ ১৮ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ  
০১ ফেব্রুয়ারী ২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জৈষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
- ৩। চেয়ারম্যান, জেলা পরিষদ, বাগেরহাট।
- ৪। জেলা প্রশাসক, বাগেরহাট।
- ৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ ..... (সকল)
- ৬। পুলিশ সুপার, বাগেরহাট।
- ৭। উপপরিচালক, স্থানীয় সরকার জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট।
- ৮। সিভিল সার্জন, বাগেরহাট।
- ৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোল্লাহাট/ফকিরহাট/চিতলমারী/বাগেরহাট সদর/কচুয়া/রামপাল/মোংলা/মোড়েলগঞ্জ/শরণখোলা।
- ১০। মেয়র, বাগেরহাট/মোড়েলগঞ্জ/মোংলা পৌরসভা বাগেরহাট।
- ১১। উপজেলা নির্বাহী কর্মকর্তা, মোল্লাহাট/ফকিরহাট/চিতলমারী/বাগেরহাট সদর/কচুয়া/রামপাল/মোংলা/মোড়েলগঞ্জ/শরণখোলা।
- ১২। জেলা শিক্ষা কর্মকর্তা, বাগেরহাট।
- ১৩। অধ্যক্ষ, ..... মহাবিদ্যালয়, বাগেরহাট।
- ১৪। জেলা তথ্য অফিসার, বাগেরহাট এর অবগতি এবং বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ১৫। জনাব.....
- ১৬। সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, বাগেরহাট।
- ১৭। প্রশাসনিক কর্মকর্তা, জেলা পরিষদ, বাগেরহাট।
- ১৮। হিসাব রক্ষক, জেলা পরিষদ, বাগেরহাট।
- ১৯। অফিস কপি/নোটিশবোর্ড/ওয়েবসাইট।

*১৮/০২/২০২১*  
বুমুর বালা  
প্রধান নির্বাহী কর্মকর্তা(ভারপ্রাপ্ত)  
জেলা পরিষদ, বাগেরহাট  
*১৮/০২/২০২১*